**চূড়ান্ত খসড়া**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ------আইন/-----।** সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

১। **শিরোনাম ও প্রবর্তন**। (১) এই বিধিমালা বাংলাদেশ সচিবালয়ে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে

২। সংজ্ঞা-- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "**কমিশন**" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সরকারের যে কোনো কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) "**প্রয়োজনীয় যোগ্যতা**" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "**শিক্ষানবিশ**" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা "**স্বীকৃত বোর্ড**" অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "**বাংলাদেশ সচিবালয়**" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয় ও বিভাগ;

(ঝ) **"আইসিটি"** অর্থ Information and Communication Technology অর্থাৎ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

৩। নিয়োগ পদ্ধতি।--- (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি, তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**--- (১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই বা নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়ে থাকলে, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাতেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকুরীকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে:

তবে শর্ত থাকে যে, জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**--- (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ বেতন গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ বেতন গ্রেডের কোনো পদে এবং ১০-১২ বেতন গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**--- (১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে----

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরীতে যোগদানের তারিখ হইতে চাকুরীতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের রহিয়াছে সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকুরী স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।--- (১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারী হইবার সঙ্গে সঙ্গে,-

(ক) তফসিল-১ এর কলাম ২ এর সকল ক্রমিক এর বিপরীতে সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অধীন নিয়োগপ্রাপ্ত বাংলাদেশ সচিবালয়ের নিম্নোক্ত পদে কর্মরত সকল কর্মকর্তা স্থানান্তরিত হইবে;

| ক্রম | কর্মরত পদ | স্থানান্তরিত নতুন পদ |
|---|---|---|
| ১. | পরিচালক/মহাব্যবস্থাপক | অতিরিক্ত সচিব (আইসিটি) |
| ২. | উপ-পরিচালক/ উপ- মহাব্যবস্থাপক/ সিস্টেম ম্যানেজার/ মুখ্য রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | যুগ্মসচিব (আইসিটি) |
| ৩. | সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | উপসচিব (আইসিটি) গ্রেড-৪ |

| | | |
|---|---|---|
| ৪. | সিনিয়র প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/ অপারেশন ম্যানেজার | উপসচিব (আইসিটি) গ্রেড-৫ |
| ৫. | প্রোগ্রামার/ সহকারী সিস্টেম এনালিস্ট/ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ অপারেশন সুপারভাইজার | সিনিয়র সহকারী সচিব (আইসিটি) |
| ৬. | সহকারী প্রোগ্রামার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সিনিয়র কম্পিউটার অপারেটর | সহকারী সচিব (আইসিটি) |

(খ) যে সকল কর্মকর্তার বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মকর্তাকে সহকারী সচিব (আইসিটি) পদের শিক্ষানবিসকাল শেষ হইবার এক বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬(৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না;

(গ) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে;

(ঘ) যুগ্মসচিব (আইসিটি) পদে পদোন্নতির ক্ষেত্রে সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এ নিয়োগ প্রাপ্ত সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদধারীগণ সিনিয়র প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/অপারেশন ম্যানেজার পদধারীগণ হইতে জ্যেষ্ঠ হইবেন।

৮। **হেফাজত।**-- (১) সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর নিম্নোক্ত পদে অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

| ক্রম | কর্মরত পদ |
|---|---|
| ১. | পরিচালক/মহাব্যবস্থাপক |
| ২. | উপ-পরিচালক/ উপ- মহাব্যবস্থাপক/ সিস্টেম ম্যানেজার/ মুখ্য রক্ষণাবেক্ষণ প্রকৌশলী |
| ৩. | সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সিনিয়র প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/ অপারেশন ম্যানেজার |
| ৪. | প্রোগ্রামার/ সহকারী সিস্টেম এনালিস্ট/ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ অপারেশন সুপারভাইজার |
| ৫. | সহকারী প্রোগ্রামার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সিনিয়র কম্পিউটার অপারেটর |

(২) সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অধীন গৃহীত বা কৃত সকল কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধিমালার প্রবর্তনকালে সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অধীনে গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অধীনেই এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

**তফসিল-১**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | অতিরিক্ত সচিব (আইসিটি) গ্রেড-২ | -- | যুগ্মসচিব (আইসিটি) গণের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** যুগ্মসচিব (আইসিটি) পদে অন্যূন ০৩ (তিন) বৎসর এবং ৯ম গ্রেড ও তদুর্ধ্ব রাজস্ব খাতের পদে সাকুল্যে ১৮ (আঠার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ২. | যুগ্মসচিব (আইসিটি) গ্রেড-৩ | -- | উপসচিব (আইসিটি) গণের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপসচিব (আইসিটি) গ্রেড-৪ পদে অন্যূন ০৩ (তিন) বৎসর অথবা উপসচিব (আইসিটি) গ্রেড-৫ পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর এবং ৯ম গ্রেড ও তদুর্ধ্ব রাজস্ব খাতের পদে সাকুল্যে ১৫ (পনের) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৪. | উপসচিব (আইসিটি) গ্রেড-৫ | --- | পদোন্নতির মাধ্যমে: সিনিয়র সহাকারী সচিব (আইসিটি) গণের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সিনিয়র সহাকারী সচিব (আইসিটি) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর এবং ৯ম গ্রেড ও তদুর্ধ্ব রাজস্ব খাতের পদে সাকুল্যে ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৫. | সিনিয়র সহকারী সচিব (আইসিটি) গ্রেড-৬ | --- | পদোন্নতির মাধ্যমে: সহাকারী সচিব (আইসিটি) গণের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী সচিব (আইসিটি) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬. | সহকারী সচিব (আইসিটি) গ্রেড-৯ | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br><br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রস্তাবিত নতুন নিয়োগবিধি প্রণয়নের পূর্বে সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আওতায় নিয়োগপ্রাপ্ত/পদোন্নতিপ্রাপ্ত ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার, কম্পিউটার অপারেটর, সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদধারীগণ (পরবর্তীতে উক্ত পদনাম বা পরিবর্তিত যে নামেই (পদনাম) অভিহিত করা হউক) সহকারী সচিব (আইসিটি) পদে পদোন্নতিযোগ্য হিসেবে বিবেচিত হবে; |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) সহকারী সচিব (আইসিটি) পদে পদোন্নতির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯-এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও চাকরিকাল নির্ধারিত ছিল তা বহাল থাকবে; এবং<br><br>(গ) বাংলাদেশ সচিবালয়ে কর্মরত হতে হবে;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br><br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগপদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |